

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।

বিষয় : উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আসাদুজ্জামান

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

তারিখ : ০৮/০৯/২০২১খ্রিঃ

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ, কনফারেন্স রুম, কাপাসিয়া, গাজীপুর।


সভায় উপস্থিত কর্মকর্তা/জনপ্রতিনিধিদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা সমবায় অফিসার, কাপাসিয়া, গাজীপুর, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ নিয়ে সভায় আলোচনা করা হয়।

১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদস্য অত্র কমিটি জানান যে, তার অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণবিতরণ ও আদায় প্রক্রিয়া অব্যাহত রয়েছে। আদায় প্রক্রিয়া মোটামুটি সন্তোষজনক। ঋণ খেলাপী সদস্যদের ঋণ আদায়ের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য স্থায়ী কমিটির সভায় পল্লী উন্নয়ন অফিসার উপস্থাপন করেন। কৃষক সমবায় সমিতি গুলো পরিচর্যা ও তদারকী অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে আইন গত সহযোগিতার আশ্বাস দেন। এবং খেলাপী ঋণ ১০০% আদায়ের জন্য সভাপতি সাহেব অনুরোধ জানান।

২। উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্থায়ী কমিটির সদস্য সচিব, উপজেলা সমবায় অফিসার, সভায় জানান যে সমবায় সমিতির সদস্যদের পেশাগত দক্ষতা অর্জন এবং উৎপাদন কাজে সমবায়ীদের নিয়োজিত করার লক্ষ্যে তাদের কারিগরী প্রশিক্ষণের প্রয়োজন। কারিগরী প্রশিক্ষণ গ্রহণ করলে সমবায়ীদের আত্র-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে পাশাপাশি কর্মসংস্থানের সৃষ্টি হবে। সভাপতি সাহেব উপজেলা সমবায় অফিসারকে সমবায়ীদের কারিগরী প্রশিক্ষণের জন্য সভায় প্রস্তাব করার জন্য অনুরোধ জানান। উপজেলা সমবায় অফিসার প্রস্তাব করেন যে, পুরুষ এবং মহিলা সমবায়ীদের ড্রাইভিং প্রশিক্ষণ।

উক্ত বিষয়ের উপর কারিগরী প্রশিক্ষণ প্রদান করলে সমবায়ীরা বিশেষ উপকৃত হইবে। উপজেলা সমবায় অফিসারের প্রস্তাবের আলোকে সমবায়ীদের উপকারের কথা বিবেচনা করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সভাপতি সাহেব সিদ্ধান্ত গ্রহণ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জনাব মোঃ আসাদুজ্জামান)

সভাপতি

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং- ৪৭.৬১.৩৩৩৬.০০০.০০.০০১.১৯.৩০২(১)


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর

২। সদস্য, উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্থায়ী কমিটি, কাপাসিয়া, গাজীপুর।

৩। অফিস নথি।

তারিখ : ০৮/০৯/২০২১খ্রিঃ


(মোহাম্মদ গোলাম মোশের্দ মৃধা)

উপজেলা সমবায় অফিসার

কাপাসিয়া, গাজীপুর।

ফোন- ০২৯২০৯০৯৮

মোবাইল: ০১৭১২৮৫৫৪৯৪

ই-মেইল: uco_kapasias@yahoo.com